



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-০৯/২০১৯

তারিখ- ৩১/০৭/২০১৯ ইং।

বিষয় :- পোশাক শিল্পের রপ্তানীবাহী কন্টেইনারের ক্ষেত্রে জাহাজের কাট-অফ-টাইম/গেইট-ইন-টাইম শিথিলকরণ অব্যাহত রাখা প্রসঙ্গে।

সূত্র:- বিজিএমইএ এর পত্র নং-বিজিএমইএ/চট্ট/পোর্ট/২০১৯/৯২২, তারিখ- ১৯ জুন, ২০১৯ইং।

১। বন্দরের Container Manual অনুযায়ী রপ্তানী পণ্যের ক্ষেত্রে জাহাজের Cut off Time নিম্নরূপ নির্ধারিত আছেঃ

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা।

রাতের জোয়ারে জাহাজ আগমনের দিন রাত ২০.০০ ঘটিকা।

বাংলাদেশ গ্যার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত Cut off Time/Gate in Time শুধু মাত্র পোশাক শিল্পের রপ্তানী পণ্যবাহী কন্টেইনারের জন্য ২৪ ঘন্টা বৃদ্ধি করে তা নিম্নমতে নির্ধারন করা গেলঃ-

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা এর পরিবর্তে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা।

রাতের জোয়ারে জাহাজ আগমনের রাত ২০.০০ ঘটিকা এর পরিবর্তে পরের দিন রাত ২০.০০ ঘটিকা।

২। নির্ধারিত সময়ের মধ্যে স্টাফিংকৃত কন্টেইনারের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশন কার্যক্রম ও অনুমতি গ্রহণের জন্য দিনের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা হতে আরো ৬ $\frac{1}{2}$ ঘন্টা (বেলা ১৪.০০ ঘটিকা পর্যন্ত) এবং রাতের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের রাত ২০.০০ ঘটিকা থেকে আরো ০৪ ঘন্টা (রাত ২৪.০০ টা পর্যন্ত) সময় দেয়া হবে। অতএব, কাট অফ টাইম এর সময়সীমা শেষ হবার পূর্বেই কন্টেইনার স্টাফিং এর কাজ সম্পন্ন হবার সুবিধার্থে মালামাল অগ্রিম স্টাফিং পয়েন্টে পৌঁছানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। আরো উল্লেখ্য যে, যথাসময়ে জাহাজ Sailing করার জন্য নির্ধারিত জাহাজ Sailing এর ০৩ ঘন্টা পূর্বে চট্টগ্রাম বন্দরে কন্টেইনার গেইট ইন টাইম বা প্রবেশ সময়সীমা শেষ হয়ে যাবে। এই বিষয়ে বিকড়া/অফডকসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

এই আদেশ ০২/০৮/২০১৯ ইং হতে ০১/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা গেল।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ